গৃহবধূকে অপহরণের পর ধর্ষণ, ১৫ দিন পর উদ্ধার

অপহরণের পর এক গৃহবধূকে আটকে রেখে ধর্ষণ করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। রাজবাড়ী জেলার বালিয়াকান্দিতে এই ঘটনা ঘটে। পরে শনিবার সকাল ১০টার দিকে অপহৃত ওই গৃহবধূকে উদ্ধার করে থানা পুলিশ। পরে মেডিকেল পরীক্ষার জন্য ভূক্তভোগী গৃহবধূকে রাজবাড়ী সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

বালিয়াকান্দি থানার এসআই বিল্লাল হোসেন বলেন, উপজেলার ইসলামপুর ইউনিয়নের হরিকোল গ্রামের এক মুদিদোকানীর স্ত্রীকে দীর্ঘদিন ধরে উত্যক্ত করে আসছিল হরিকোল গ্রামের তোফাজ্জেল শেখের ছেলে শরিফুল শেখ, রশিদ শেখের ছেলে মিরাজ শেখ, লালু শেখের ছেলে আমোদ আলী শেখ ও জয়ধর শেখের ছেলে সাত্তার শেখ।

বিষয়টি ওই গৃহবধূ তার স্বামীকে জানালে তিনি বখাটে উত্যক্তকারীদের অভিভাবকদের জানানো হয়। এতে ক্ষিপ্ত হয়ে গত ৬ জুলাই সকাল সাড়ে ৯টায় বসতবাড়ীর পশ্চিমে রাস্তার উপর থেকে ওই গৃহবধূকে মাহেন্দ্র যোগে অপহরণ করে নিয়ে যায় তারা। এসময় গৃহবধূর চিৎকারে আশপাশের লোকজন বিষয়টি টের পেলেও তাকে উদ্ধার করা যায়নি।

পরে ওই গৃহবধূকে অজ্ঞাত স্থানে আটকে রেখে ধর্ষণ করে বখাটেরা। পরদিন ৭ জুলাই মোবাইলের মাধ্যমে ২ লাখ টাকা মুক্তিপণ দাবি করে অপহরণকারীরা। পরে গত ১০ জুলাই ওই গৃহবধূর স্বামী বাদী হয়ে রাজবাড়ী বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল আদালতে মামলা দায়ের করেন। মামলাটি আমলে নিয়ে বালিয়াকান্দি থানার ওসিকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন আদালত।
পরে শনিবার সকালে মামলাটি থানায় রেকর্ড করাসহ অপহৃত গৃহবধূকে উদ্ধার করে পুলিশ। উদ্ধারের পর তাকে মেডিকেল পরীক্ষার জন্য রাজবাড়ী সদর হাসপাতালে পাঠানো হয়। তবে অভিযুক্ত অপহরণকারী ও ধর্ষকদের কাউকেই এখনো গ্রেফতার করতে পারেনি পুলিশ।